তথ্য ও পরিসংখ্যান ... তারিখ
তারিখ 21 APR 1989 পৃষ্ঠা 2 কলাম ৬

দৈনিক বাংলা

013

# এইচএসসি পরীক্ষার রুটিন পুনর্বিন্যস্ত

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, সরকার শিক্ষা ব্যবস্থার সকল স্তর থেকে দুর্বলতা ও দুর্নীতি উচ্ছেদ করে শিক্ষা প্রশাসনকে আরও গতিশীল ও জনকল্যাণমুখী করতে বদ্ধপরিকর।

তিনি বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক উচ্চ পর্যায়ের সভায় সভাপতিত্বকালে এ কথা বলেন। খবর তথ্য বিবরণীর।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে যেসব পরীক্ষা কেন্দ্রে এ বছর নকল প্রবণতা বেশি পরিলক্ষিত হচ্ছে, ভবিষ্যতে সেসব কেন্দ্র বহাল রাখার প্রশ্ন নতুন করে পরীক্ষা করা হবে। সভায় যেসব স্কুল ভুয়া ছাত্রছাত্রী ভর্তি করিয়ে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

নকলে উৎসাহদান করেছে, সেসব স্কুল চিহ্নিত করে তাদের বিরুদ্ধে অনুদান বন্ধ ও স্বীকৃতি প্রত্যাহারসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় ভুয়া ছাত্রছাত্রী রেজিস্ট্রেশন বন্ধের লক্ষ্যে কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আরও সিদ্ধান্ত গৃহীত হয় যে ভবিষ্যতে বিশেষ প্রাইভেট শ্রেণীভুক্ত করে কোন ছাত্রছাত্রীকে পরীক্ষা দিতে দেয়া হবে না এবং সকল প্রাইভেট ছাত্রছাত্রী একমাত্র জেলা কেন্দ্রেই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

সভায় আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠান সম্পর্কেও আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে এই পরীক্ষায়ও প্রতি উপজেলায় জেলা প্রশাসনের সংগে আলোচনাক্রমে বোর্ড মাত্র একটি পরীক্ষা কেন্দ্র স্থাপন করবে এবং কোনক্রমেই উপজেলায় একটির বেশি কেন্দ্র থাকবে না।

সভায় প্রধান বিষয়সমূহের মধ্যে বিরতি সহ উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী পুনর্বিন্যস্ত করা হয়। তবে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ পরীক্ষার্থীর সুবিধার্থে স্বল্প সময়ে পরীক্ষা গ্রহণের উপরও গুরুত্ব আরোপ করা হয়।

মন্ত্রী বাসসকে জানান চারটি শিক্ষা বোর্ডের কর্তৃপক্ষের মধ্যে এই বিষয়ে বিস্তারিত আলোচনার পরে শীঘ্রই পরীক্ষার চূড়ান্ত সময়সূচী ঘোষণা করা হবে।